



হরমুজ প্রণালিতে পূর্ণ সামরিক নিয়ন্ত্রণের ঘোষণা ইরানের



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

ভূরাজনৈতিকভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালিতে নিজেদের সামরিক নিয়ন্ত্রণ ও কর্তৃত্ব প্রতিষ্ঠার ঘোষণা দিয়েছে ইরান। দেশটির ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পস জানিয়েছে, এই জলপথ দিয়ে যেকোনো নৌযান চলাচলের আগে এখন থেকে ইরানের সামরিক বাহিনীর সঙ্গে সমন্বয় করা বাধ্যতামূলক। হরমুজ প্রণালির দক্ষিণাঞ্চলে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা হয়েছে বলে জানানো হয়েছে। বাহিনীটির নৌ শাখা দাবি করেছে, পুরো প্রণালি এখন তাদের কঠোর নজরদারি ও নিয়ন্ত্রণের আওতায় রয়েছে। নতুন নিয়ম অনুযায়ী, প্রতিদ্বন্দ্বী বা বৈরী দেশের কোনো সামরিক জাহাজকে এই পথ ব্যবহার করতে দেওয়া হবে না। তবে ইরান জানিয়েছে, বন্ধুভাবাপন্ন দেশের বাণিজ্যিক ও সাধারণ নৌযানগুলো আগের মতোই এই জলপথ ব্যবহার করতে পারবে। অর্থাৎ সামরিক ঝুঁকি বিবেচনায় নির্দিষ্ট কিছু জাহাজের চলাচলের ওপরই কড়াকড়ি আরোপ করা হয়েছে। গত কয়েক দিনে এই প্রণালি দিয়ে নৌচলাচল কিছুটা বেড়েছিল। বিশেষ করে চীনের সঙ্গে সংশ্লিষ্ট কয়েক ডজন জাহাজ এই পথ অতিক্রম করেছে বলে বিভিন্ন সূত্রে জানা যায়। তবে নতুন নির্দেশনার পর গত এক দিনে অন্য কোনো বড় জাহাজ চলাচলের খবর পাওয়া যায়নি।

সূত্র: আল-জাজিরা